গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।

সভার স্থান ঃ উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়, তারাকান্দা,ময়মনসিংহ।

তারিখ ঃ ৩০/০১/২০২২ খ্রি. সময় ঃ সকাল ১০.০০ টা

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতে উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি , তারাকান্দা উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | | |
| | আলোচনা ঃ ১<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব, উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি, তারাকান্দা, সভায় উল্লেখ করেন যে, তারাকান্দা উপজেলার বাট্রা ভাট পাড়া এস.সি উচ্চ বিদ্যালয়ে প্রায় ৫০০ ছাত্রী রয়েছে যেখানে মেয়েদের জন্য বিশেষ ব্যবস্থাপনায় কোন গার্লস ফ্যাসেলিটি রুম এর ব্যবস্থা নেই যার পরিপ্রেক্ষিতে মেয়েরা অসুস্থ হলে তাদের বিশ্রামের অসুবিধা হয় অন্যদিকে মেয়েদের মাসিক পিরিয়ডকালীন সময়ে তারা স্বাস্থ্যসম্মত পরিবেশে নিজেদের ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার বিষয়াদি সম্পন্ন করতে পারছেনা। ফলে মাঝে মাঝে অনেক মেয়ে বিদ্যালয়ে অসুস্থ হয়ে পরে ও পরবর্তীতে দীর্ঘ সময়ধরে শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকে । উক্ত বিষয়টির সমস্যাকে গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে উল্লেখিত প্রতিষ্ঠানটিতে একটি গার্লস ফ্যাসিলিটি রুম নির্মান করা জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>আলোচনা ঃ ২<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব , উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি, তারাকান্দা সভায় উল্লেখ করেন যে, তারাকান্দা উপজেলাধীন তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় প্রায় ৫০০ শিক্ষার্থী রয়েছে যেখানে মাত্র তিনটি শ্রেণী কক্ষ রয়েছে । অন্যদিকে মাদ্রাসার প্রায় ২৫০ জন ছাত্রীর জন্য বিশেষ ব্যবস্থাপনায় কোন গার্লস ফ্যাসেলিটি রুম এর ব্যবস্থা নেই যার পরিপ্রেক্ষিতে মেয়েরা অসুস্থ হলে তাদের বিশ্রামের অসুবিধা হয় অন্যদিকে মেয়েদের মাসিক পিরিয়ডকালীন সময়ে তারা স্বাস্থ্যসম্মত পরিবেশে নিজেদের ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার বিষয়াদি সম্পন্ন করতে পারছেনা। ফলে মাঝে মাঝে অনেক মেয়ে মাদ্রাসায় অসুস্থ হয়ে পরে ও পরবর্তীতে দীর্ঘ সময়ধরে শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকে । উক্ত বিষয়টির সমস্যাকে | সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতি ক্রমে<br>সিদ্ধান্ত ঃ ০১<br>তারাকান্দা উপজেলার বাট্রা ভাট পাড়া এস.সি উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের সমস্যাটি গুরুত্বপূর্ণ বিধায় বিষয়টি বিশেষ বিবেচনায় উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় একটি গার্লস ফ্যাসিলিটি রুম নির্মান করার লক্ষ্যে ০১টি উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত ঃ ০২<br>তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার ছাত্রীদের সমস্যাটি গুরুত্বপূর্ণ বিধায় বিষয়টি বিশেষ বিবেচনায় উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় একটি গার্লস ফ্যাসিলিটি রুম নির্মান করার লক্ষ্যে ০১টি উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত ঃ ৩<br>মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্রয়োজনীয় বেঞ্চ না থাকায় শিক্ষার্থীদের পাঠদানে অসুবিধার বিষয়টি অত্যন্ত গুরুত্বপুর্ণ বিধায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় বিদ্যালযের জন্য বেঞ্চ সরবরাহের উপ-প্রকল্প প্রস্তাবনাটি উপজেলা পরিষদে প্রেরনের জন্য |

| | | |
|---|---|---|
| | গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে উল্লেখিত প্রতিষ্ঠানটিতে একটি গার্লস ফ্যাসিলিটি রুম নির্মান করা জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>আলোচনা ঃ ৩<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, সভায় উল্লেখ করেন যে, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা সমূহে পর্যাপ্ত বেঞ্চ না থাকায় শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম পরিচালনা করতে অসুবিধা হচ্ছে। শিক্ষার্থীরা ক্লাসে সঠিকভাবে বসতে পারে না। তিনি আরও বলেন যে, বিদ্যালয়গুলি তাদের নিজস্ব অর্থের অভাবে প্রয়োজনীয় বেঞ্চ সরবরাহ করতে পারছে না। তাছাড়া অন্য কোন উৎস্য থেকেও বেঞ্চ এর চাহিদা পূরণ করতে পারছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>আলোচনা ঃ ৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, সভায় উল্লেখ করেন যে, উপজেলার অনেক মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় নিজস্ব কম্পিউটার না থাকায় প্রতিষ্ঠান সমূহ তাদের প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে পারছে না, অনেক শিক্ষা প্রতিষ্ঠান ইতি মধ্যে বিদ্যালয়ের নিয়মিত প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য ডেস্কটপ কম্পিউটার প্রাপ্তির আবেদন জানিয়েছে। তিনি আরও বলেন যে, প্রতিষ্ঠানগুলি তাদের নিজস্ব অর্থের অভাবে ডেস্কটপ কম্পিউটার ক্রয় করতে পারছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সিদ্ধান্ত ঃ ৪<br>আপাদত উপজেলার ২০ টি মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসায় ০১ টি করে ডেস্কটপ কম্পিউটার সরবরাহ করে প্রতিষ্ঠান সমূহের প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করতে সহযোগীতা করার জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সহায়তায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার জন্য ২০টি ডেস্কটপ কম্পিউটার সরবরাহের ০১টি উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিষদে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।বিভাগের প্রতি অনুরোধ করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/১/22

(নজরুল ইসলাম নয়ন)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা,
ময়মমনসিংহ

স্মারক নংঃ এলজিইডি/উপ্র/তারাকান্দা/২০২২/ তারিখ ঃ ৩০/০১/২০২২খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মমনসিংহ ।
২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মমনসিংহ ।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মমনসিংহ ।
৪। অফিস কপি।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ।